



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 22



Class: 4

Subject: Bengali Gram (অনুচ্ছেদ)

Date: 04/12/20

দৈনন্দিন জীবনে বিজ্ঞান

আজ আমাদের দৈনন্দিন জীবনে বিজ্ঞান এমন আষ্টেপৃষ্ঠে জড়িয়ে আছে তাকে বাদ দিয়ে প্রতিদিনের জীবন কল্পনা করা যায় না। সকাল থেকে রাত্রি পর্যন্ত প্রতিটি মুহূর্ত এ যুগের মানুষ বিজ্ঞানকে আশ্রয় করে জীবন যাপন করছে। যে কোন একটি দিনের হিসাব নিলেই দেখা যাবে বিজ্ঞান কিভাবে আমাদের জীবনের অঙ্গস্বরূপ হয়ে উঠেছে। ভোরবেলা অ্যালার্ম ঘড়ির শব্দে আমাদের ঘুম থেকে ওঠা। সকালে খাওয়া দাওয়ার পর অতি আধুনিক জামা কাপড় জুতো পরে ট্রাম বাস গাড়ি প্রভৃতিতে চড়ে স্কুলে যাওয়া। আধুনিক মানুষ যে সমস্ত সেবা, সুখস্বাচ্ছন্দ ভোগ করে, যেমন যন্ত্রের সাহায্যে ঘর পরিষ্কার করা, কাপড় কাচা, জল গরম করা, শীততাপ নিয়ন্ত্রিত মেশিনে ঘর ঠান্ডা রাখা প্রভৃতি সবই বিজ্ঞানের দৌলতে হয়েছে। এছাড়া বিমানে স্বল্প সময়ে পৃথিবীর একপ্রান্ত থেকে অন্য প্রান্তে যাওয়া কত সহজসাধ্য ও সুখ স্বাচ্ছন্দপূর্ণ হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার সৃষ্টিপ্রয়োগেই দৈনন্দিন জীবনে বিজ্ঞান আশীর্বাদ হয়ে উঠেছে।

Manashi Chaudhuri